

কাল খুলছে দুবাইয়ের পর্যটন কেন্দ্র গ্লোবাল ভিলেজ

- A Monitor Desk Report

Date: 19 April, 2026



ঢাকা: আঞ্চলিক অস্থিতিশীলতার কারণে দীর্ঘ এক মাস বন্ধ থাকার পর অবশেষে পুনরায় দর্শনার্থীদের জন্য উন্মুক্ত হচ্ছে দুবাইয়ের জনপ্রিয় বিনোদন কেন্দ্র গ্লোবাল ভিলেজ।

আগামী সোমবার (২০ এপ্রিল) বিকেল ৫টা থেকে এই পর্যটন কেন্দ্রটি আবার সচল হবে বলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ নিশ্চিত করেছে। ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে যুদ্ধবিরতি ঘোষণার পর এই সিদ্ধান্তের কথা জানানো হলো।

গ্লোবাল ভিলেজের ৩০তম আসর গত বছরের ১৫ অক্টোবর জমকালো আয়োজনে শুরু হয়েছিল। তবে আঞ্চলিক উত্তেজনার প্রেক্ষিতে এক মাসের বেশি সময় ধরে এটি সাধারণ মানুষের জন্য বন্ধ রাখা হয়।

কর্তৃপক্ষের এই ঘোষণায় সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপক উচ্ছ্বাস প্রকাশ করেছেন সংযুক্ত আরব আমিরাতের বাসিন্দারা। এই সিঁজনে গ্লোবাল ভিলেজের কার্যক্রম আগামী ১০ মে পর্যন্ত চলার কথা রয়েছে। তবে বন্ধ থাকার কারণে সময়সীমা বাড়ানো হবে কি না সে বিষয়ে এখনও স্পষ্ট কিছু জানানো হয়নি।

প্রতিদিন বিকেল ৫টা থেকে রাত ১২টা পর্যন্ত দর্শনার্থীরা এই পার্কে প্রবেশের সুযোগ পাবেন। প্রবেশমূল্য নির্ধারণ করা হয়েছে সর্বনিম্ন ২৫ দিরহাম। দর্শনার্থীরা অনলাইনে বা মোবাইল অ্যাপের মাধ্যমে টিকিট অগ্রিম বুক করতে পারবেন।

এছাড়া সরাসরি গেট থেকেও টিকিট সংগ্রহের ব্যবস্থা রাখা হয়েছে। এবারের আসরে ৯০টির বেশি সংস্কৃতির প্রতিনিধিত্বকারী ৩০টি প্যাভিলিয়ন রয়েছে। যেখানে সাড়ে তিন হাজারেরও বেশি কেনাকাটার আউটলেট এবং আড়াইশর বেশি খাবারের দোকান দর্শনার্থীদের জন্য অপেক্ষায় রয়েছে।

